সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/ ৩২

১৩ ফেব্রুয়ারী, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ আগামী ২৮/০২/২০২৫ইং তারিখের মধ্যে বাধ্যতামূলকভাবে **Customs Bond Management System (CBMS)** সফটওয়্যারে অনবোর্ড হয়ে অনলাইনের মাধ্যমে সেবা গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ (ক) বিজিএমইএ'র সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৫/৩১, তারিখঃ ১০/০২/২০২৫।

আপনারা জানেন, আমদানি-রপ্তানি বাণিজ্যে গতিশীলতা আনয়ন, হয়রানি মুক্ত, ব্যয় কমানো এবং সময় বাঁচানোর উদ্দেশ্যে বন্ড সংক্রান্ত কার্যক্রম অন লাইনের মাধ্যমে সম্পাদনের নিমিত্তে দীর্ঘদিন ধরে CBMS সফটওয়্যার বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে।

উল্লেখ্য, গত ৩১/১২/২০২৪ইং তারিখের মধ্যে CBMS সফটওয়্যারে অনবোর্ড হওয়ার জন্য জাতীয় রাজস্ব বোর্ড হতে নির্দেশনা প্রদান করা হয়। সদস্যদের অনুরোধের প্রেক্ষিতে উক্ত সময় বৃদ্ধির জন্য জাতীয় রাজস্ব বোর্ড'কে অনুরোধ করা হয়। বিজিএমইএ এবং সংশ্লিষ্ট এসোসিয়েশনের অনুরোধের প্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ড হতে পর্যায়ক্রমে ২ (দুই) বার সময় বৃদ্ধি করা হয় যা ২৮/০২/২০২৫ইং তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডে গত ১২/০২/২০২৫ইং তারিখে অনুষ্ঠিত সভায় এখনো অধিক সংখ্যক প্রতিষ্ঠান CBMS সফটওয়্যারে অনবোর্ড কার্যক্রম সম্পাদন করেনি মর্মে উল্লেখ করে সদস্য (কাস্টমসঃরপ্তানি বন্ড ও আইটি) অসন্তোষ প্রকাশ করেন। এছাড়াও প্রায় ৯০০ (নয়শত) প্রতিষ্ঠান খসড়া চূড়ান্ত করার পরও অনবোর্ড হওয়ার জন্য ফাইল সাবমিট করেনি। যার কারণে ২ মাস সময় বৃদ্ধির পরও অনবোর্ড হওয়া প্রতিষ্ঠানের সংখ্যা আশানুরূপ হারে বৃদ্ধি হয়নি। অনবোর্ড হওয়ার সময় আর বৃদ্ধি করা হবে না মর্মে জাতীয় রাজস্ব বোর্ড হতে জানানো হয়েছে।

আগামী ২৮/০২/২০২৫ইং তারিখের মধ্যে সকল বন্ডেড প্রতিষ্ঠানকে বাধ্যতামূলকভাবে অনবোর্ড হয়ে অনলাইনের মাধ্যমে সেবা গ্রহণ করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড হতে বিশেষভাবে অনুরোধ করা হয় এবং যে সকল প্রতিষ্ঠান খসড়া চূড়ান্ত করেছেন তাদেরকে দ্রুততার সাথে ফাইল সাবমিট করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। আরো জানানো হয় যে, ফাইল সাবমিট করার পর ভুল হলে তা সংশোধন করার জন্য "Back to applicant" অপশন চালু করা হয়েছে যার মাধ্যমে প্রতিষ্ঠান কর্তৃক তা সংশোধন করে পুনরায় সাবমিট করার সুযোগ পাবে।

অনবোর্ড হয়ে অনলাইনের মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সকল ধরণের প্রতিবন্ধকতা ও জটিলতা নিরসনের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে ডেডো, CBMS প্রকল্প, আইটি স্পেশালিষ্ট, সফটওয়্যার প্রতিষ্ঠান এবং বন্ড কমিশনারেটের প্রতিনিধিসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে কেন্দ্রিয়ভাবে One Stop Solution Center চালু করা হয়েছে যা সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে আপনাদেরকে জানানো হয়েছে।

বন্ডের আওতায় আমদানি-রপ্তানি কার্যক্রম নিরবিচ্ছিন্নভাবে চলমান রাখার স্বার্থে আগামী ২৮/০২/২০২৫ইং তারিখের মধ্যে অনবোর্ড কার্য সম্পাদন করে অনলাইনের মাধ্যমে সেবা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

ধন্যবাদান্তে,

১৩/২/২০২৫

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/৩১

১০ ফেব্রুয়ারী, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ Customs Bond Management System (CBMS) সফটওয়্যারের ব্যবহার বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডে One Stop Service চালুকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.৫৬.১৫.০০১.২০১৯/৬৯৫, তারিখঃ ১০/০২/২০২৫।
(খ) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.৫৬.১৫.০০২.২০১৯/৬৮৮, তারিখঃ ০৫/০২/২০২৫।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে, CBMS সফটওয়্যারে onboard হওয়ার ক্ষেত্রে কেন্দ্রিয়ভাবে সহযোগিতা, তদারকি ও কার্যক্রম পরিচালনার লক্ষ্যে আগামী ১১/০২/২০২৫ হতে ২৮/০২/২০২৫ইং তারিখ পর্যন্ত জাতীয় রাজস্ব বোর্ডের ২০৮ নং কক্ষে One Stop Solution Centre চালু করা হবে।

যে সকল প্রতিষ্ঠান এখনো অনবোর্ড হওয়ার কার্য সম্পাদন করেনি তাদেরকে উক্ত One Stop Solution Centre এর সহায়তা নিয়ে আগামী ২৮/০২/২০২৫ইং তারিখের মধ্যে বাধ্যতামূলকভাবে অনবোর্ড কার্য সম্পাদনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ড হতে জারীকৃত সূত্রোক্ত নির্দেশনা ও কার্যবিবরণী এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

ধন্যবাদান্তে,

১০/২/২০২৫

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।

**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

নথি নং- ০৮.০১.০০০০.৫৬.১৫.০০১.২০১৯/ ৮৯৫ তারিখ: ১০/০২/২০২৫ খ্রি.।

**বিষয়: Customs Bond Management System (CBMS) সফটওয়্যার এর ব্যবহার বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডে One Stop Service চালুকরণ প্রসঙ্গে।**

সূত্র: ১। অত্র দপ্তরের নথি নং - ০৮.০১.০০০০.৫৬.১৫.০০২.২০১৯/৬৬০, তারিখ: ২৯.০১.২০২৫ খ্রি.;
২। অত্র দপ্তরের নথি নং - ০৮.০১.০০০০.৫৬.১৫.০০২.২০১৯/৬৮৮, তারিখ: ০৫.০২.২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় এবং সূত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বিগত ২৯.০১.২০২৫ খ্রি. তারিখে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিতে ৫১১ নং সভাকক্ষে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক Customs Bond Management System (CBMS) সফটওয়্যার এর মাধ্যমে কার্যক্রম পরিচালনা এবং কেন্দ্রীয়ভাবে সহযোগিতা ও তদারকির লক্ষ্যে আগামী ১১/০২/২০২৫ খি: তারিখ হতে ২৮/০২/২০২৫ খ্রি. পর্যন্ত জাতীয় রাজস্ব বোর্ডের ~~২০৮~~ ৩০২ নং কক্ষে One Stop Solution Centre চালু করা হবে। এই Service Programme এর মাধ্যমে স্টেকহোল্ডারগণকে CBMS সফটওয়্যারে Onboarding সহ সিস্টেমে সহগ এন্ট্রি; বন্ড রেজিস্টার, প্রাপ্যতা, ইউপি ইত্যাদি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রমে অংশীজন/ প্রতিষ্ঠানসমূহকে তাৎক্ষণিক সহযোগিতা/সমাধান প্রদান এবং সিস্টেম ব্যবহারের ক্ষেত্রে কোন জটিলতার উদ্ভব হলে তা রিভ সিস্টেমের মাধ্যমে দ্রুত সমাধানের উদ্যোগ নেয়া হবে। উক্তরূপ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে One Stop Solution Centre এ উপস্থিত থেকে দায়িত্ব পালনের জন্য আপনার দপ্তর হতে উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

10.02.2025

[মোঃ আল আমিন]
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল: ssbondnbr@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ) (আপনার দপ্তরের আওতাধীন সকল বন্ড প্রতিষ্ঠানসমূহকে অবহিত করার জন্য এবং One Stop Solution Centre এ একজন দক্ষ রাজস্ব কর্মকর্তা/ সহকারী রাজস্ব কর্মকর্তা প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।

৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম (আপনার দপ্তরের আওতাধীন সকল বন্ড প্রতিষ্ঠানসমূহকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

৪। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা (একজন সেক্টর স্পেশালিস্ট এবং একজন দক্ষ রাজস্ব কর্মকর্তা/ সহকারী রাজস্ব কর্মকর্তা প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।

৫। কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা (আপনার দপ্তরে ন্যস্ত সহকারী রাজস্ব কর্মকর্তা মিজ নীলা ঘোষকে আগামী ১১/০২/২০২৫ খ্রি. তারিখ হতে ২৮/০২/২০২৫ খ্রি.পর্যন্ত উক্ত One Stop Solution Centre এ উপস্থিত থেকে সহযোগিতা প্রদানের লক্ষ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৬। প্রথম সচিব, বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৭। জনাব বি এম সাইদুর রহমান, সিস্টেম এনালিস্ট, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (উক্ত Service Programme সার্বিক তত্ত্বাবধানের জন্য এবং One Stop Solution Centre এ একজন সহকারী প্রোগ্রামারের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।

Shahinur for n/a